

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৩-০৭-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১০-০৭-২০২৩ থেকে ১২-০৭-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

**১০ জুলাই:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার অনেক জায়গায়; কোচবিহার জেলার কয়েক জায়গায়; দার্জিলিং, কালিম্পাও ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** আলিপুরদুয়ার, জলপাইগুড়ি: ১১; ফালাকাটা, জলপাইগুড়ি, মাটিগাড়া: ৯; বাগডোগরা: ৮; মাথাভাঙ্গা, বালং: ৭; বক্রাদুয়ার: ৬; পুন্ডিবাড়ি, বারোবিশা, শিলিগুড়ি: ৫; সামসিং: ৪

**১১ জুলাই:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** ফালাকাটা: ১৫; মাথাভাঙ্গা: ৮; আলিপুরদুয়ার, রানীগঞ্জ: ৭; পুন্ডিবাড়ি, জলপাইগুড়ি: ৫; বারোবিশা: ৪

**১২ জুলাই:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায়; কোচবিহার ও জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায়; দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও

জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** পুন্ডিবাড়ি, ফালাকাটা: ১৯; আলিপুরদুয়ার:১৮; বারোবিশা: ১১; জলপাইগুড়ি:১০; কোচবিহার, বক্সাদুয়ার, হাসিমাড়া, সামসিং:৮; ঝালং:৫; মূর্তি:৪

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৮ থেকে ৯৬ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৫ থেকে ৯৩ শতাংশ।

**শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (০৯.০৭.২০২৩ থেকে ১৫.০৭.২০২৩ পর্যন্ত) :**

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৬৫	৩৫	হাওড়া	৮৯	১১
বীরভূম	৭১	২৯	মুর্শিদাবাদ	৬৭	৩৩
বর্ধমান	৫৯	৪১	নদীয়া	৫৯	৪১
হুগলী	৬৯	৩১	২৪ পরগনা	৭০	৩০
পুরুলিয়া	৭০	৩০			

## পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

### ১৩ জুলাই (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে পরবর্তী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

### ১৪ জুলাই (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

### ১৫ জুলাই (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

## সতর্কীকরণ:

### ১৩ জুলাই (দিন ১) -

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা সহ দুয়েক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাতের (>২০ সেমি) সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও ও কোচবিহার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের উত্তর দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১সেমি) সম্ভাবনা আছে।

৪) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

### ১৪ জুলাই (দিন ২)-

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও, কোচবিহার ও উত্তর দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১সেমি) সম্ভাবনা আছে।

৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

### ১৫ জুলাই (দিন ৩) -

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১সেমি) সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

*স্বাক্ষরিত*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর, কলকাতা-২৭

১৩-০৭-২০২৩